যায়যায়দিন

তারিখ ...OCT. 12.2006 ...
পৃষ্ঠা ২ কলাম ৩ .....

১৮

# ঢাবি ছাত্রলীগ সভাপতি সেক্রেটারি সর্বস্ব কমিটি ঘোষণার কয়েক ঘণ্টা পর স্থগিত

**ইউনিভার্সিটি রিপোর্টার**

ছাত্রলীগের ঢাকা ইউনিভার্সিটি শাখার কমিটি ঘোষণা নিয়ে নাটকীয়তা হয়েছে। প্রায় দেড় বছর পর শুধু সভাপতি ও সেক্রেটারি মনোনয়নের মাধ্যমে ছাত্রলীগ ঢাকা ইউনিভার্সিটি শাখা কমিটি ঘোষণা করা হলেও মাত্র কয়েক ঘণ্টার মধ্যে আবার সে কমিটি স্থগিত করা হয়।

সভাপতি পদে সোহেল রানা টিপু ও সেক্রেটারি পদে বাদশা মিয়াকে মনোনীত করে গতকাল বুধবার সন্ধ্যায় একটি কমিটি ঘোষণা করে ছাত্রলীগ। কিন্তু এরপরই সংগঠনের নেতাকর্মীদের মধ্যে বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি হওয়ায় দলীয় সভানেত্রী শেখ হাসিনার নির্দেশে রাতেই তা স্থগিত ঘোষণা করা হয় বলে জানা গেছে।

জানা গেছে, ছাত্রলীগের ঢাকা ইউনিভার্সিটি শাখার নেতাকর্মীরা আজ বৃহস্পতিবারের মধ্যে নতুন কমিটি ঘোষণা দেয়ার জন্য কেন্দ্রীয় কমিটিকে চাপ দিয়ে আসছিল। কিন্তু গতকাল সন্ধ্যায় কমিটি ঘোষণার পর ক্যাম্পাসে ছাত্রলীগ নেতাকর্মীদের মধ্যে ব্যাপক অসন্তোষ সৃষ্টি হয়। নতুন কমিটির সভাপতি সোহেল রানা টিপু সম্প্রতি সাংবাদিকদের ওপর হামলার ঘটনায় দায়ের করা মামলার অন্যতম আসামি। এছাড়া সেক্রেটারি বাদশা মিয়া সাংগঠনিক কর্মকাণ্ড থেকে বিচ্ছিন্ন বলে ছাত্রলীগ নেতাকর্মীরা অভিযোগ করেছেন। তবে এসব অভিযোগ তদন্তের পর এ কমিটির ব্যাপারে নতুন করে সিদ্ধান্ত নেয়া হবে বলে ছাত্রলীগ সূত্রে জানা গেছে।

দেড় বছর আগে ঢাবি ছাত্রলীগের আগের দেলোয়ার-হিমু কমিটির সভাপতি ও সেক্রেটারির মধ্যে বিরোধের জের ধরে কমিটি স্থগিত করা হয়। এরপর আবার গতকাল নতুন কমিটি ঘোষণা দিয়েও কয়েক ঘণ্টার মধ্যে তা স্থগিত করা হলো।